

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৮৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি এক কাপড়ে সালাত আদায় করলে, কিভাবে সালাত আদায় করবে তার বর্ণনা

ذِكْرُ كَيْفِيَّةِ صَلَاةِ الْمَرْءِ إِذَا صَلَّى فِي ثوب واحد

আরবী

2289 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ أَحْمَدَ بْنِ أَبِي عَوْنٍ قَالَ: حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ حُمَيْدٍ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي حَازِمٍ وَوَكِيعٌ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عُمَرَ بْنِ أَبِي سَلَمَةَ: أَنَّهُ رَأَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي فِي ثَوْبٍ وَاحِدٍ فِي بَيْتِ أَم سلمة واضعا طرفيه على عاتقه.

الراوي: عُمَر بْن أَبِي سَلَمَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2289 | خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود)) (639): ق.

বাংলা

২২৮৯. উমার বিন আবৃ সালামাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন যে, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে দেখেছেন, তিনি উম্মু সালামাহ রাদ্বিয়াল্লাহু আনহার বাড়িতে এক কাপড়ে সালাত আদায় করেছেন। এসময় তিনি কাপড়ের দুই প্রান্ত কাঁধের উপর রেখেছিলেন।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/২৬; সহীহ মুসলিম: ৫১৭; ইবনু মাজাহ: ১০৪৯; মুয়াত্তা ইমাম মালিক: ১/১৪০; সহীহ আল বুখারী: ৩৫৫; নাসাঈ: ২/৭০; বাগাবী: ৫১২-৫১৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে শক্তিশালী বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবৃ দাউদ: ৬৩৯)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উমর ইবনু আবূ সালামাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন